

# ফাদার আমিরের সঙ্গে সাক্ষাৎ করেন প্রধানমন্ত্রী

## ফেব্রুয়ারি 15, 2024

প্রধানমন্ত্রী শ্রী নরেন্দ্র মোদী আজ বিকেলে দোহায় ফাদার আমির, মহামান্য হামাদ বিন খলিফা আল থানির সঙ্গে দেখা করলেন।

2. প্রধানমন্ত্রী ফাদার আমিরকে তার দূরদর্শী নেতৃত্বের জন্য অভিনন্দন জানিয়েছেন, যা গত কয়েক দশক ধরে কাতারের উন্নয়নের পথকে আরও প্রশস্ত করেছে। দুই নেতা ভারত-কাতার সম্পর্ক নিয়ে পর্যালোচনা করেছেন।

3. প্রধানমন্ত্রী আঞ্চলিক ও বৈশ্বিক উন্নয়নে ফাদার আমিরের অন্তর্দৃষ্টিপূর্ণ পর্যবেক্ষণের জন্য তাঁর প্রশংসা করেন।

4. ফাদার আমির নিশ্চিত করেছেন, যে ভারত এবং কাতার একটি অটুট বন্ধন ভাগ করে নিয়েছে, যা পারস্পরিক বিশ্বাস এবং সহযোগিতার প্রতীক। তিনি কাতারের উন্নয়নে এবং দ্বিপাক্ষিক অংশীদারিত্বকে পুষ্ট করার ক্ষেত্রে ভারতীয় সম্প্রদায়ের ভূমিকারও প্রশংসা করেন।

দোহা

ফেব্রুয়ারি 15, 2024